

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৭৭

পর্ব - ১% পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬. উয় বিনষ্টকারী বিষয় সমূহ - কুরআন স্পর্শ করার জন্য পবিত্রতা অর্জন শর্ত

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرٍ رَحِمَهُ اللَّهُ: أَنَّ فِي الْكِتَابِ الَّذِي كَتَبَهُ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ لِعَمْرِو بْنِ حَزْمٍ: «أَنْ لَا يَمَسَّ الْقُرْآنَ إِلَّا طَاهِرٌ». رَوَاهُ مَالِكٌ مُرْسَلًا, وَوَصَلَهُ النَّسَائِيُّ, وَابْنُ حِبَّانَ, وَهُوَ مَعْلُولٌ

ضعيف، في الموطأ (1/ 199)

বাংলা

৭৭. আবদুল্লাহ বিন আবৃ বকর থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমর বিন হযমকে যে পত্র পাঠিয়েছিলেন তাতে ছিল— পবিত্র ব্যক্তি ছাড়া কেউ যেন কুরআন স্পর্শ না করে। ইমাম মালিক একে মুরসাল রূপে বর্ণনা করেছেন। নাসায়ী ও ইবনু হিব্বান একে 'মাওসুল' বলেছেন। হাদীসটি মা'লূল (দোষযুক্ত)।[1]

English

Narrated 'Abdullah bin Abu Bakr (rad):

The book written by Allah's Messenger () for 'Amr bin Hazm also contained: "None except a pure person should touch the Quran". [Reported by Malik as a Mursal and by An-Nasa'i and Ibn Hibban as Mawsul. And it is graded as Ma'lul (defective)].

ফুটনোট



[1] মুহাদ্দিস আযীমাবাদী তাঁর গায়াতুল মকসূদ (২/২৭৯) গ্রন্থে, আবদুর রহমান মুবারকপুরী তাঁর তুহফাতুল আহওয়াযী (১/৩৩৬) গ্রন্থে, আবু দাউদ মারাসিল (১৯৬) গ্রন্থে এটিকে মুরসাল বলেছেন। ইবনু উসাইমীন তাঁর শরহে বুলুগুল মারাম (১/২৭১) গ্রন্থে একে সহীহ বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আব্দুল্লাহ ইবনু আবী বাকর (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন